# নেপাল-চীন সীমান্তে ভয়াবহ ভূমিধস, উদ্ধার ২০ মরদেহ



ছবি: রয়টার্স

নেপাল-চীন সীমান্তের গিরোং এলাকায় ভয়াবহ ভূমিধসের ঘটনা ঘটেছে। আকস্মিক এই দুর্যোগে এখন পর্যন্ত অন্তত ২০ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। নিখোঁজ রয়েছেন প্রায় ৪০০ মানুষ, যাঁদের মধ্যে শতাধিক ভারতীয় পর্যটক রয়েছেন।

ঘটনার একটি সিসিটিভি ভিডিওতে দেখা যায়, হঠাৎ পাহাড় থেকে বিপুল পরিমাণ মাটি ও পলি নিচের দিকে ধেয়ে আসছে। মুহূর্তের মধ্যেই সড়ক ও আশপাশের এলাকা ঢেকে যায়। এ সময় কয়েকজনকে প্রাণ বাঁচাতে দৌড়ে সরে যাওয়ার চেষ্টা করতেও দেখা যায়।

ঘটনার পর রাসুয়া জেলার প্রশাসন এটিকে বড় ধরনের দুর্যোগ হিসেবে ঘোষণা করেছে। স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে আরও প্রাণহানির আশঙ্কা করা হচ্ছে।

উদ্ধারকাজ অব্যাহত রয়েছে। নিখোঁজ ব্যক্তিদের মধ্যে বিদেশি পর্যটকরাও রয়েছেন বলে জানা গেছে। তাঁদের উদ্ধারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তৎপরতা চালাচ্ছে।

LENS ASIA